# স্বাস্থ্যঝুঁকির আশঙ্কায় বেলিসিমো আইসক্রিমসহ ৮ পণ্য প্রত্যাহারের নির্দেশ




ছবি: সংগৃহীত

স্বাস্থ্যঝুঁকির আশঙ্কায় কাজী ফুড ইন্ডাস্ট্রিজের বেলিসিমো ব্র্যান্ডের রোটোন্ডো হ্যাজেলনাট কোটেড চকোলেট আইসক্রিমসহ আট ধরনের পণ্য বাজার থেকে প্রত্যাহারের নির্দেশ দিয়েছে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)।

সোমবার (২০ জুলাই) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় বিএসটিআই। বিজ্ঞপ্তিতে বলা হয়, কাজী ফুড ইন্ডাস্ট্রিজের বেলিসিমো রোটোন্ডো হ্যাজেলনাট কোটেড চকোলেট আইসক্রিমে নির্ধারিত মাত্রার চেয়ে বেশি টোটাল মিল্ক সলিড নন-ফ্যাট (এমএসএনএফ) পাওয়া গেছে। এছাড়া ফ্রেশ গার্ডেন অ্যাগ্রো রিসোর্সেসের আমের আচারে অতিরিক্ত মাত্রায় প্রিজারভেটিভের উপস্থিতি শনাক্ত হয়েছে।

এ ছাড়া অলিভ বাংলাদেশের লাবণ্য ব্র্যান্ডের মিল্ক স্কিন লোশন, অ্যালোভেরা স্কিন লোশন এবং মোরিংগা+মাচা ফোমিং মিল্ক ফেসওয়াশে মানবদেহের জন্য ক্ষতিকর অণুজীবের উপস্থিতি পাওয়া গেছে। একই ব্র্যান্ডের অ্যালোভেরা ভ্যারিয়েন্টের শ্যাম্পুতেও ক্ষতিকর অণুজীব শনাক্ত হয়েছে বলে জানিয়েছে বিএসটিআই।

অন্যদিকে ডেকো ফুডসের ডেকো ফ্রুট ফান্ডা ব্র্যান্ডের ম্যাঙ্গো ও অরেঞ্জ ভ্যারিয়েন্টের সফট ড্রিংক পাউডারে বাংলাদেশি মান অনুযায়ী নির্ধারিত মাত্রার তুলনায় কম ভিটামিন 'সি' পাওয়া গেছে। এসব কারণে সংশ্লিষ্ট আট ধরনের পণ্য বাজার থেকে তুলে নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

বিএসটিআইয়ের মহাপরিচালক (সচিব) কাজী ইমদাদুল হক বলেন, ভোক্তারা যাতে নিরাপদ ও মানসম্মত পণ্য কিনতে পারেন, সে বিষয়ে বিএসটিআই প্রতিশ্রুতিবদ্ধ। পণ্য কেনার সময় বিএসটিআইয়ের মানচিহ্ন, লাইসেন্স নম্বর, উৎপাদনের তারিখ, মেয়াদোত্তীর্ণের তারিখসহ প্রয়োজনীয় তথ্য যাচাই করার জন্য ক্রেতাদের প্রতি আহ্বান জানান তিনি।